**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 2/11/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল নিউ ইয়র্কের অপারেশনাল প্রস্তুতি এবং জরুরী প্রতিক্রিয়া বাড়াতে ফার্স্টনেট পাবলিক সেফটি নেটওয়ার্কের সফল পাইলটের ঘোষণা করেছেন

***পাইলটটি নিউ ইয়র্ক পাওয়ার অথরিটির LTE ওয়্যারলেস নেটওয়ার্ক প্রযুক্তি পাইলট প্রকল্পের অংশ হিসাবে জননিরাপত্তার নিবেদিত যোগাযোগের প্ল্যাটফর্মের নির্ভরযোগ্য, আধুনিক যোগাযোগ প্রদান করার ক্ষমতা পরীক্ষা করে***

গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি (New York Power Authority) এবং AT&T-এর মধ্যে একটি সফল সহযোগিতার কথা ঘোষণা করেছেন যার নাম ফার্স্টনেট (FirstNet), যা একটি নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটি (New York Power Authority, NYPA প্রাইভেট ওয়্যারলেস লং-টার্ম ইভোলিউশন (Long Term Evolution, LTE) প্রযুক্তির পাইলট প্রকল্পের অংশ হিসাবে AT&T এর সাথে নির্মিত। ফার্স্টনেট হল একমাত্র দেশব্যাপী, উচ্চ-গতির ব্রডব্যান্ড যোগাযোগের প্ল্যাটফর্ম যা আমেরিকার প্রথম প্রতিক্রিয়াকারী এবং বর্ধিত জননিরাপত্তার সম্প্রদায়ের জন্য নিবেদিত। NYPA প্রকল্পটির লক্ষ্য হল একটি সুরক্ষিত, শক্তিশালী এবং নির্ভরযোগ্য LTE নেটওয়ার্ক তৈরি করা এবং রাজ্যব্যাপী ইউটিলিটির প্রস্তুতি এবং অপারেশনাল এবং প্রোগ্রাম্যাটিক ক্ষমতা বৃদ্ধি করা। এমন একটি সংস্থা হিসাবে যাকে প্রতিদিনের ক্রিয়াকলাপগুলিতে এবং জরুরী প্রতিক্রিয়ার সময় নিউ ইয়র্কের জননিরাপত্তায় সহায়তা করার জন্য আহ্বান করা যেতে পারে, NYPA তার কর্মীদের নতুন ক্ষমতা এবং অকুস্থলে থাকাকালীন গুরুত্বপূর্ণ তথ্যের নির্ভরযোগ্য অ্যাক্সেস দিয়ে সজ্জিত করার জন্য ফার্স্টনেটের ক্ষমতার মূল্যায়ন করছে যা তাদের নিউ ইয়র্ক স্টেটকে আরও ভালোভাবে পরিষেবা প্রদান করতে এবং নিউ ইয়র্কের শক্তি ব্যবস্থার স্থিতিস্থাপকতার লক্ষ্যগুলিকে অগ্রসর করতে দেয়।

"আমাদের জরুরী প্রতিক্রিয়া ব্যবস্থার আধুনিকীকরণে উদ্যোগ নেওয়ার মাধ্যমে নিউ ইয়র্ক ফার্স্টনেটের মতো নতুন এবং বিদ্যমান প্রযুক্তির সুবিধা গ্রহণ করে উদ্ভাবনের পথে নেতৃত্ব দিচ্ছে," **গভর্নর হোকল বলেছেন।** "এই পাইলট প্রোগ্রামটি নিশ্চিত করতে সাহায্য করবে যে আমাদের বৈদ্যুতিক সিস্টেমগুলি ভবিষ্যতের শক্তির নির্ভরযোগ্যতার প্রতিবন্ধকতাগুলির মোকাবেলা করতে প্রস্তুত। আমি এই নতুন অংশীদারিত্বের জন্য গর্বিত, যখন আমরা একটি নতুন এবং আধুনিক জরুরি প্রতিক্রিয়ার ব্যবস্থা গড়ে তুলছি।"

ফার্স্টনেট AT&T-এর সাথে সরকারী-বেসরকারি অংশীদারিত্বে ফার্স্ট রেসপন্ডার নেটওয়ার্ক অথরিটির (First Responder Network Authority, FirstNet Authority) মাধ্যমে গঠিত যা ফেডারেল সরকারের মধ্যে একটি স্বাধীন সংস্থা। ফার্স্টনেট দীর্ঘস্থায়ী যোগাযোগের চ্যালেঞ্জ

সমাধান করার জন্য তৈরি করা হয়েছে যার মুখোমুখি হয় জননিরাপত্তার সম্প্রদায়, এটি প্রথম প্রতিক্রিয়াকারীদের দৈনন্দিন পরিস্থিতিতে, বড় ঘটনার সময় বা জরুরী পরিস্থিতিতে পরস্পরের সাথে যোগাযোগ করতে দেয়।

**AT&T নিউ ইয়র্কের ( AT&T New York) প্রেসিডেন্ট অ্যামি ক্রেমার বলেন,** "AT&T-তে, আমরা গ্রাহকদের সাশ্রয়ী মূল্যের এবং উন্নত সংযোগের সমাধানগুলি খুঁজে পেতে সাহায্য করতে প্রতিশ্রুতিবদ্ধ এবং NYPA-এর ব্যক্তিগত LTE ওয়্যারলেস নেটওয়ার্ক প্রযুক্তির প্রকল্পের জন্য সফলভাবে ফার্স্টনেটের পরীক্ষা করতে পেরে আমরা আনন্দিত৷ ফার্স্টনেটের সাথে, NYPA যখন প্রয়োজন তখন প্রকৃত কভারেজ এবং ক্ষমতা নিবেদন করেছে, সর্বদা-অগ্রাধিকারের মতো অনন্য সুবিধা সহ। উপরন্তু, সাধারণ, ইন্টারঅপারেবল প্ল্যাটফর্মটি NYPA-কে নিউ ইয়র্ক স্টেট জুড়ে এজেন্সি এবং এখতিয়ারের ক্ষেত্র জুড়ে জরুরীকালীন প্রতিক্রিয়াগুলিকে দক্ষতার সাথে এবং কার্যকরভাবে সমন্বয় করতে দেয়।"

**NYPA এর অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট এবং সিইও জাস্টিন ই. ড্রিসকল বলেন,** "শক্তি সুরক্ষা এবং যোগাযোগ এক সাথে কাজ করে, তাই আমরা NYPA-তে এই গুরুত্বপূর্ণ জরুরিকালীন যোগাযোগের পাইলট প্রচেষ্টার জন্য AT&T-এর দক্ষতার সাথে আমাদের ইউটিলিটি সংক্রান্ত অভিজ্ঞতাকে কাজে লাগতে পেরে আনন্দিত৷ এই প্রকল্পের চূড়ান্ত লক্ষ্য হল NYPA-এর অপারেশনাল এবং প্রোগ্রাম্যাটিক ক্ষমতাগুলি সমৃদ্ধ করা এবং সকল নিউ ইয়র্কবাসীদের সুবিধার জন্য ওয়্যারলেস প্রযুক্তিতে সর্বদা-বিকাশমান উদ্ভাবনের সমস্ত লাভগুলির সুবিধা নেওয়া।"

পাইলট প্রকল্পটি NYPA-এর ব্লেনহাইম-গিলবোয়াজ পাম্পড স্টোরেজ পাওয়ার প্রকল্পে (Blenheim-Gilboa's Pumped Storage Power project) সংঘটিত হয়েছিল৷ এটি বেসরকারি LTE ওয়্যারলেস নেটওয়ার্ক ক্ষমতাগুলিকে পাইলট করার জন্য NYPA-এর আগের সাফল্যের উপর ভিত্তি করে গড়ে তুলেছে যা গত বছর ঘোষণা করা হয়েছে.

LTE ওয়্যারলেস নেটওয়ার্ক পাইলট প্রোগ্রামটি বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ NYPA উদ্যোগের পরিপূরক হবে বলে স্থির করা হয়েছে, যার মধ্যে আছে তার বলিষ্ঠ কমিউনিকেশন ব্যাকবোন এবং সেন্সর স্থাপনার প্রোগ্রাম। 153 মিলিয়ন ডলারের কমিউনিকেশন ব্যাকবোন প্রোগ্রামের লক্ষ্য NYPA-র বিদ্যমান পয়েন্ট-টু-পয়েন্ট সার্কিটগুলিকে প্রতিস্থাপন করা যাতে ইন্টেলিজেন্ট সেন্সর স্থাপন থেকে বর্ধিত তথ্যের প্রবাহ পরিচালনা করা যায়। 2017 সাল থেকে, NYPA তার ট্রান্সমিশন এবং জেনারেশন অ্যাসেটের স্বাস্থ্য নিরীক্ষণ করতে এবং এর ইন্টিগ্রেটেড স্মার্ট অপারেশন সেন্টার (Integrated Smart Operations Center, iSOC) এর কর্মক্ষমতা আরও সক্ষম করার জন্য অত্যাধুনিক সেন্সর ডিভাইস ইনস্টল করার জন্য কাজ করছে।

ফার্স্টনেট নেটওয়ার্কে যোগাযোগ পরীক্ষা করা ছাড়াও NYPA এর আগে নোকিয়ার (Nokia) সাথে সাব-গিগ স্পেকট্রাম ব্যান্ড 8 অ্যান্টেরিক্স (Anterix) এবং Band 71 ওমেগা ওয়্যারলেস (Omega Wireless) ব্যবহার করে অ্যাপ্লিকেশনগুলি পরীক্ষা করেছে। NYPA অতিরিক্ত স্পেকট্রামস ব্যান্ড 8, ব্যান্ড 48 (CBRS), এবং ব্যান্ড 53 গ্লোবালস্টার (GlobalStar) পরীক্ষা করছে হোয়াইট প্লেইনে তাদের LTE ল্যাবে।

প্রকল্পটি NYPA-এর এন্ড-টু-এন্ড ডিজিটাইজেশন লক্ষ্যকেও সমর্থন করে যা NYPA এর VISION2030 পরিকল্পনা মূল ভিত্তি-স্তম্ভগুলির মধ্যে একটি।

**সেনেটর কেভিন পার্কার, এনার্জি ও টেলিকমিউনিকেশন কমিটির (Committee on Energy and Telecommunications) চেয়ারম্যান বলেছেন,** "ক্রমবর্ধমান বিপজ্জনক আবহাওয়ার ধরণ এবং আমাদের শক্তি সুরক্ষার জন্য অন্যান্য সম্ভাব্য বিপদের যুগে, নিউ ইয়র্ক স্টেট এবং নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি, AT&T-এর সাথে নিউ ইয়র্কের শক্তি এবং জরুরীকালীন যোগাযোগ এবং প্রতিক্রিয়া ব্যবস্থাকে শক্তিশালী করার জন্য সক্রিয় পদক্ষেপ গ্রহণ করতে দেখা আনন্দদায়ক।"

**অ্যাসেম্বলি মেম্বার মাইকেল কুসিক, শক্তি বিষয়ক কমিটির (Committee on Energy) চেয়ারম্যান বলেন,** "আমরা যখন আমাদের গ্রিড আপগ্রেড করার জন্য কাজ করছি তখন এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ যে আমরা নিশ্চিত করি যে আমাদের প্রথম প্রতিক্রিয়াকারীদের জন্য আমাদের কাছে সব চেয়ে নির্ভরযোগ্য শক্তি এবং যোগাযোগের পরিকাঠামো আছে৷ আমরা বড় এবং ছোট জরুরী পরিস্থিতিতে আমাদের প্রথম প্রতিক্রিয়াকারীদের উপর খুব নির্ভর করি এবং তাদের কাজগুলি দক্ষতার সাথে এবং কার্যকরভাবে করার জন্য তাদের কাছে প্রয়োজনীয় সরঞ্জাম এবং সংস্থান রয়েছে তা নিশ্চিত করার দায়িত্ব আমাদের রয়েছে। ফার্স্টনেট পাইলট প্রকল্প আমাদের প্রথম প্রতিক্রিয়াকারীদের জন্য কিভাবে নির্ভরযোগ্য যোগাযোগ পরিকাঠামো নিশ্চিত করা যায় তার উদ্দেশ্যে আমাদের রাজ্যের জন্য এবং সমগ্র দেশের জন্য একটি মডেল হিসাবে কাজ করবে।"

*ফার্স্টনেট এবং ফার্স্টনেট লোগো হল ফার্স্ট রেসপন্ডার নেটওয়ার্ক অথোরিটির নিবন্ধিত ট্রেডমার্ক এবং পরিষেবা চিহ্ন। অন্যান্য সমস্ত চিহ্ন তাদের নিজ নিজ মালিকদের সম্পত্তি।*

**NYPA সম্পর্কে**

NYPA হল স্টেটের সব থেকে বড় পাবলিক পাওয়ার অর্গানাইজেশন, যা 16 টি জেনারেটিং ফেসিলিটি এবং ট্রান্সমিশন লাইনের 1,400 এর বেশি সার্কিট- মাইল পরিচালনা করে। NYPA দ্বারা 80 শতাংশের বেশি বিদ্যুৎ পরিষ্কার রিনিউএবল হাইড্রোপাওয়ার উৎপন্ন করে। NYPA কোনো ধরনের আয়কর অর্থ বা স্টেট ক্রেডিট ব্যবহার করে না। তারা তাদের বন্ড বিক্রয় এবং বিদ্যুৎ বিক্রি করে অর্জিত অর্থ দিয়ে তাদের অধিকাংশ কার্যকলাপের অর্থায়ন করে। আরও তথ্যের জন্য www.nypa.gov-তে যান এবং আমাদের ফলো করুনটুইটারে @NYPAenergy, ফেসবুকে, ইনস্টাগ্রামে, টাম্বলারে এবং লিঙ্কডইনে।

**AT&T কমিউনিকেশন্স (AT&T Communications) সম্পর্কে**

আমরা প্রতিদিন পরিবার, বন্ধু এবং পড়শীদের অর্থবহুলভাবে সংযুক্ত হতে সাহায্য করি। 140+ বছর আগে প্রথম কলটি থেকে মোবাইল ভিডিও স্ট্রিমিং পর্যন্ত @ATT-তে আমরা জীবন উন্নত করতে উদ্ভাবন করে চলেছি। AT&T কমিউনিকেশন্স হল AT&T ইঙ্কের (AT&T Inc.) একটি অংশ। (NYSE:T)। আরও তথ্যের জন্য অনুগ্রহ করে att.com এ আমাদের সাথে সাক্ষাৎ করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418